

## কুমিল্লা বিশ্ববিদ্যালয় 'শুভেচ্ছার মিছিল' থেকে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ডটীচ্ছুদের স্বাগত জানিয়ে মিছিল করা নিয়ে ছাত্রলীগের দুটি পক্ষের মধ্যে সংঘর্ষে শিক্ষকসহ অসুস্থ ১১ জন আহত হয়েছেন। গতকাল শুক্রবার সকালে ক্যাম্পাসের পাশের কোটবাড়ী টিচার্স ট্রেনিং কলেজের সামনে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় বিশ্ববিদ্যালয়ের একটি হলে ভাঙচুরও হয়।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সকাল ১০টার দিকে টিচার্স ট্রেনিং কলেজের সামনে ডটীচ্ছুদের স্বাগত জানিয়ে মিছিল বের করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রেজা-ই-এলাহী। একই সময় কোটবাড়ীর চাঙ্গীনী এলাকা থেকে মিছিল নিয়ে পরীক্ষার্থীদের স্বাগত জানাতে আসেন সভাপতি নাজমুল হাসান আলিফ। একপর্যায়ে দুজনের অনুসারী নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ বেধে যায়। এ সময় আহত হন সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম মাজেদ।

পরে সাধারণ সম্পাদক পক্ষের এক কর্মীকে আটক করে সভাপতির অনুসারীরা। তখন শিক্ষক প্রক্টরিয়াল বর্ডার সদস্য ও স্বপক্ষের নেতাকর্মীরা আটককৃত শিক্ষার্থীকে উদ্ধার করতে গেলে আবার সংঘর্ষ বেধে যায়। এ সময় আহত হন শিক্ষক সমিতির সহসভাপতি মোহেদী হাসান ও কাজী নজরুল ইসলাম হল শাখা ছাত্রলীগের

সাংগঠনিক সম্পাদক সজন বিশ্বাস, কলা অনুষদ শাখার সভাপতি মাহমুদুর রহমান জুয়েল ও সাধারণ সম্পাদক নূর শোহান্নাদ জিসান। পরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. আলী আশরাফ পুলিশকে সঙ্গে নিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

সংঘর্ষের পর সাধারণ সম্পাদকের অনুসারী নেতাকর্মীরা কাজী নজরুল ইসলাম হলের কার্যালয় কক্ষ ও সংগঠনের সভাপতির কক্ষ ভাঙচুর করে।

শিক্ষকসহ  
আহত ১১

সভাপতি নাজমুল হাসান আলিফ সাংবাদিকদের বলেন, 'আমার শান্তিপূর্ণ মিছিলে প্রতিপক্ষ গ্রুপ অতর্কিতে হামলা চালিয়েছে। এতে আমার চারজন কর্মী আহত হয়েছে। সাধারণ সম্পাদক রেজা-ই-এলাহী বলেন, 'ছাত্রলীগ করতে হলে ছাত্র হতে হবে। কিন্তু আলিফ বহিরাগতদের নিয়ে আমার সমর্থকদের ওপর হামলা করেছে। আমাদের ছয়জন নেতাকর্মী আহত হয়েছে, আমরা এর বিচার চাই।'

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ আইনুল হক বলেন, 'ডটীচ্ছুদের স্বাগত জানাতে কোটবাড়ী সড়কে ছাত্রলীগ নেতাকর্মীরা জড়ো হয়। এ সময় দুই পক্ষের মধ্যে হামলা-পাল্টাহামলার ঘটনা ঘটে।'

প্রক্টর বলেন, সংঘর্ষের কারণে ডটীচ্ছু পরীক্ষা নিতে সমস্যা হয়নি। পরিস্থিতি এখন স্বাভাবিক আছে।